# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

**বিষয়: সিলেট সিটি কর্পোরেশনে গত ১০.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খান মোঃ রেজা-উন-নবী, প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশন |
| সভার তারিখ ও সময় | : | ১০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ, সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | সিলেট সিটি কর্পোরেশনের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য আহবান জানানো হয়। সভার শুরুতেই পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন জনাব মোহাম্মদ আলী, ইমাম, নগর ভবন মসজিদ, সিলেট সিটি কর্পোরেশন এবং পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব জ্যোতিষ চক্রবর্তী, আদায়কারী, কর আদায় শাখা, সিলেট সিটি কর্পোরেশন। অতঃপর সভার আলোচ্যসূচি নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.১ | **সিলেট সিটি কর্পোরেশনের ডাম্পিং গ্রাউন্ডে বর্জ্য পৃথকীকরণের লক্ষ্যে MRF Plant স্থাপনের চুক্তি মোতাবেক লাফার্জ হোলসিম বাংলাদেশ লি. কর্তৃক চট্টগ্রাম ড্রাইডককে প্রদানের জন্য ২.৫০ কোটি টাকা প্রদান সংক্রান্ত আলোচনা।** | প্রধান প্রকৌশলী বলেন, চট্টগ্রাম ড্রাইডক লি. (CDDL) হতে MRF Plant এর জন্য Pre-shredder, Splitter Screen, Air Separator Conveying Belt ক্রয়ের জন্য Equipment Cost বাবদ ৯.৫৩৫১ কোটি টাকা, Custom Duty ২৬.২০% বাবদ ২.৩২৭২ কোটি টাকা, ভ্যাট ও আইটি ১৪.৫০% বাবদ ২.২১৯৪ কোটি টাকা এবং CDDL এর Associated Work বাবদ ১.২২৪৫ কোটি টাকা, সর্বমোট ১৫.৩০৬৩ কোটি টাকার কার্যাদেশ প্রদান করা হয়।<br><br>ডলারের মূল্য বৃদ্ধির কারণে Equipment Cost ৯.৫৩৫১ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ১০.৩৩০২ কোটি টাকা হয়েছে। অর্থাৎ ০.৭৯৫১ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। এর মধ্যে চুক্তি মোতাবেক ০.২৬৫০৬২ কোটি টাকা CDDL পরিশোধ করবে। অবশিষ্ট ০.৫৩০১ কোটি টাকা এবং ১৪.৫০% ভ্যাটসহ ০.৬০৬৯ কোটি টাকা সর্বমোট ১৫.৯১৩২ কোটি টাকা সিলেট সিটি কর্পোরেশন ও লাফার্জ হোলসিম বাংলাদেশ লিঃ পরিশোধ করবে।<br><br>চুক্তি অনুযায়ী লাফার্জ হোলসিম বাংলাদেশ লিঃ সিলেট সিটি কর্পোরেশনকে প্রথমে এ ১.০০ কোটি টাকা ও পরবর্তীতে ২.৫০ কোটি টাকা প্রদান করেছেন।<br><br>চট্টগ্রাম ড্রাইডক লিঃ (CDDL)'কে ২৩/০৪/২০২৪ খ্রি. তারিখে ১.০০ কোটি টাকা সিলেট সিটি কর্পোরেশন হতে পরিশোধ করা হয়েছে এবং বাকী ২.৫০ কোটির টাকার চেক ২১/০১/২০২৫ খ্রি. তারিখে চট্টগ্রাম ড্রাইডক লিঃ (CDDL)'কে প্রদান | (ক) লাফার্জ হোলসিম বাংলাদেশ লি. কর্তৃক প্রদত্ত ২.৫০ কোটি টাকা চট্টগ্রাম ড্রাইডক লি.-কে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) লাফার্জ হোলসিম বাংলাদেশ লি. কর্তৃক MRF Plant বিষয়ের উপর প্রেজেন্টেশন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | প্রধান প্রকৌশলী ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে। | | |
| ২.২ | সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত ওসমান মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতালের সার্বিক ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনা। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা বলেন, সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত ওসমান মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতালের সেবা নিশ্চিত করার লক্ষে কর্মরত জনবল বৃদ্ধি এবং কর্মরত ৩জন ডাক্তারের বেতন বৃদ্ধি করা প্রয়োজন। উল্লেখ্য, কর্মরত ডাক্তারগণ ১০/১২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন। তাছাড়া, কর্মরত ৩জন আয়া এর বেতন সিলেট সিটি কর্পোরেশন থেকে প্রদান, ১জন মিডওয়াইফ/নার্স এবং ১ জন ল্যাব এটেন্ডেন্ট নিয়োগ প্রদানের সুপারিশ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সরকারি/বেসরকারি হাসপাতালসমূহের সাংগঠনিক কাঠামো পর্যালোচনা করে ওসমান মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতালের সাংগঠনিক কাঠামো প্রস্তুতের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে নিয়োক্তভাবে একটি কমিটি গঠনের বিষয়ে সকলে ঐক্যমত পোষণ করেন-<br>১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক — সভাপতি<br>২. প্রধান প্রকৌশলী, সিসিক — সদস্য<br>৩. বিভাগীয় স্বাস্থ্য কর্মকর্তার প্রতিনিধি — সদস্য<br>৪. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিসিক — সদস্য সচিব<br><br>তিনি ওসমান মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতালের জন্য প্রদত্ত এম্বুলেন্সের সঠিক ব্যবহার এবং ভাড়া নির্ধারণের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সরকারি নীতিমালা অনুযায়ী এম্বুলেন্সটি ভাড়ায় পরিচালনা করার বিষয়ে সভায় উপস্থিত সবাই ঐক্যমত পোষণ করেন।<br><br>তিনি ওসমান মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতাল প্রাঙ্গনের ফার্মেসীর কার্যক্রম পরিচালনার বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং গণপূর্ত অধিদপ্তরের রেট শিডিউল অনুসরণপূর্বক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে ভাড়া প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন। | (ক) কমিটি ওসমান মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতালের সাংগঠনিক কাঠামো প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করবেন।<br><br>(খ) সরকারি নীতিমালা অনুযায়ী ওসমান মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতালের জন্য প্রদত্ত এম্বুলেন্সটি ভাড়ায় পরিচালনা করতে হবে।<br><br>(গ) গণপূর্ত অধিদপ্তরের রেট শিডিউল অনুসরণপূর্বক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে ওসমান মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতাল প্রাঙ্গনের ফার্মেসী ভাড়া প্রদান করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |
| ২.৩ | মানিকপীর (রহ:) কবরস্থানে মরচুয়ারি চালু ও ভাড়া নির্ধারণ | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা বলেন, মানিকপীর (রহ:) টিলার কবরস্থানে মরচুয়ারী নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এটি চালু করা হলে জনসাধারণ উপকৃত হবে। মরচুয়ারি পরিচালনার ব্যয় নির্বাহ ও সিলেট সিটি কর্পোরেশনের রাজস্ব আদায়ের লক্ষ্যে প্রচলিত | (ক) মানিকপীর (রহ:) টিলার কবরস্থানে মরচুয়ারী চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | সংক্রান্ত আলোচনা। | বিধিমালা অনুযায়ী ভাড়া নির্ধারণ করা প্রয়োজন। তিনি আরো জানান, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ মরচুয়ারীর জন্য দৈনিক ১,০০০/- টাকা এবং সিলেট ডায়বেটিস হাসপাতাল দৈনিক ২,৫০০/- টাকা করে ভাড়া গ্রহণ করে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনার পর মানিকপীর (রহ:) টিলার কবরস্থানে মরচুয়ারী চালুকরণ এবং এর ভাড়া দৈনিক ১৫০০/- টাকা নির্ধারণের বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করেন। | গ্রহণ করতে হবে।<br><br>(খ) মরচুয়ারীর দৈনিক ভাড়া ১৫০০/- টাকা নির্ধারণ করা হলো। | কর্পোরেশন |
| ২.৪ | (ক) আসন্ন বর্ষা মৌসুম উপলক্ষে ছড়া ও ড্রেন পরিষ্কারকরণ | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বলেন, সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক প্রতিবছর আসন্ন বর্ষা মৌসুমে জলাবদ্ধতা নিরসন উপলক্ষে শীতকালে ছড়া/ খাল/ ড্রেন পরিষ্কারকরণের উদ্যোগ গ্রহণ করা হয়ে থাকে। প্রতি বছরের ন্যায় এবারও আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে মহানগরীর বিভিন্ন ছড়া/ ড্রেন/ খাল পরিষ্কারকরণের প্রস্তাব সভায় উপস্থাপন করেন। তিনি আরো বলেন, বর্ষা মৌসুমের আগে ছড়া/ড্রেন/ খাল পরিষ্কার করা না হলে ড্রেন/ছড়া/খালের বিভিন্ন অংশে আবর্জনার স্তুপ জমে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। ফলে অল্প বৃষ্টিতে শহরের বিভিন্ন এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হয়। আসন্ন বর্ষা মৌসুমকে সামনে রেখে প্রাথমিক পর্যায়ে ৭টি ছড়া ও ২৯টি ড্রেন পরিষ্কারের কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। ৭টি ছড়া পরিষ্কার করতে আনুমানিক ৬০,৮০,১৭০/- (ষাট লক্ষ আশি হাজার একশত সত্তর (৫% +/-) টাকা) এবং ২৯টি ড্রেন পরিষ্কার করতে আনুমানিক ৭১,২৭,৫০০/- (একাত্তর লক্ষ সাতাশ হাজার পাঁচশত (৫% +/-) টাকা ব্যয় হতে পারে মর্মে সভাকে অবহিত করেন। তাছাড়া, কাজের অগ্রগতি স্বাপেক্ষে অন্যান্য ছড়া ও ড্রেনে একই পদ্ধতিতে কাজ করা হবে। উক্ত পরিকল্পনা অনুযায়ী প্রতি মাসে অতিরিক্ত শ্রমিক ও এক্সকেভেটর ব্যবহার করে পরিষ্কার করা হবে এবং প্রয়োজনীয় বিল মাসিক বেতনের সাথে প্রদান করা যেতে পারে।<br><br>কর্মপরিকল্পনা অনুযায়ী উক্ত কাজ সম্পাদন করতে প্রতি মাসে অতিরিক্ত শ্রমিক ও এক্সকেভেটর ব্যবহার করা হবে এবং প্রয়োজনীয় বিল মাসিক বেতনের সাথে প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। কিসের ভিত্তিতে ছড়া ও ড্রেন পরিষ্কারকরণের ব্যয় নির্ধারণ করা হয়েছে এ | (ক) অনুমোদিত কর্মপরিকল্পনা ও প্রাক্কলন অনুযায়ী ৭টি ছড়া ও ২৯টি ড্রেন পরিষ্কারকরণের কাজ জরুরিভিত্তিতে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) উক্ত কার্যক্রম এর অগ্রগতি বিবেচনায় নিয়ে বাকী গুরুত্বপূর্ণ ছড়া ও ড্রেনসমূহ একই পদ্ধতিতে পরিষ্কারের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

## নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বিষয়ে জানতে চাইলে প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বলেন, পাইলটিং আকারে গাভিয়ার খালের ৩৬০ মিটার অংশ পরিষ্কার করা হয়েছিল। সেখানে ২,৯৭,০০০/-(দুই লক্ষ সাতানব্বই হাজার) টাকা ব্যয় হয়েছিল। উক্ত ব্যয় এবং অন্যান্য বছরের ব্যয়ের সাথে সামঞ্জস্য করে বর্তমান অর্থ বছরের ব্যয় নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন এবং দ্রুত এ কার্যক্রম সম্পাদন করার অভিমত ব্যক্ত করেন। | | |
| | **(খ) জনগুরুত্বপূর্ণ জরুরী কাজ সম্পাদনের জন্য আপদকালীন হিসেবে অগ্রিম ৫ লাখ টাকা উত্তোলন** | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বলেন, বর্জ্য ব্যবস্থাপনা শাখার আপদকালীন বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে জরুরিভিত্তিতে হাতা ট্রলি, ব্লিচিং পাউডার, ঝাড়ু বাঁধার তার, ষ্টিলের টুকরী, পলিথিন ব্যাগ, শ্রমিক এপ্রোন, তেরপাল, ঘাস কাটার ব্লেড, ব্যানার কাটার, পেপার স্কার্ব, প্লাষ্টিকের ব্রাশ এবং দা ক্রয়ের প্রয়োজন পড়ে। নথিতে উপস্থাপন করে অগ্রিম উত্তোলন করে কার্যাদি সম্পাদন করা অনেকটা সময় সাপেক্ষ বিধায় সমন্বয়ের শর্তে অগ্রিম ৫ লক্ষ টাকা উত্তোলনের বিষয়ে সভায় উপস্থাপন করেন। তিনি আরো বলেন, পরিবহন শাখায় জরুরি কার্যাদি সম্পাদনের জন্য সমন্বয়ে শর্তে ১০ লক্ষ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সিটি কর্পোরেশনের জরুরি কার্যক্রম সম্পাদনের বিষয়ে সকলে একমত পোষণ করেন। এক মাসের মধ্যে সমন্বয়ের শর্তে ৩ লক্ষ টাকা অগ্রিম উত্তোলনের বিষয়ে সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | সিটি কর্পোরেশনের জরুরি কার্যক্রম সম্পাদনের নিমিত্ত এক মাসের মধ্যে সমন্বয়ের শর্তে ৩ লক্ষ টাকা অগ্রিম উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |
| | **(গ) হাতা গাড়ীসহ বিভিন্ন মনিহারী দ্রব্যাদি ক্রয়** | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জানান, শাখার দিবারাত্রী ও ওয়ার্ডসমূহে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার জন্য হাতা-ট্রলি, শ্রমিকের এপ্রোন, স্টিলের টুকরী, তেরপাল ও প্রয়োজনীয় সরঞ্জামাদী জরুরী ভিত্তিতে ক্রয় করা প্রয়োজন। নিম্নলিখিত তালিকা অনুযায়ী খরচ আনুমানিক ৯,৮৮,৮৭০/- (নয় লক্ষ আটাশি হাজার আটশত সত্তর) টাকা পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর DPM পদ্ধতিতে ক্রয় করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বর্জ্য ব্যবস্থাপনা শাখার সরঞ্জামাদি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা অনুসরণপূর্বক DPM পদ্ধতিতে ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | (see item table below) | | |

| ক্রম | দ্রব্যের নাম, একক দর ও ২০% ভ্যাট আইটি | মোট দর | দ্রব্যের পরিমাণ | মোট টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | হাতা ট্রলি, ৩৭০০/- ও ৭৪০/- | ৪৪৪০/- | ৭৫ টি | ৩,৩৩,০০০/- | ৪২টি ওয়ার্ডে ৪২টি, বাকী ৩৩টি কেন্দ্রীয়। |
| ২ | ব্লিচিং পাউডার, ১০১/- ও ২০/- | ১২১/- | ১০০০ কেজি | ১,২১,০০০/- | মজুদ নাই |
| ৩ | ঝাড়ু বাঁধার তার, ২২০/- ও ৪৪/- | ২৬৪/- | ৩০ কেজি | ৭৯২০/- | মজুদ নাই |
| ৪ | ষ্টিলের টুকরী, ৫৫০/- ও ১১০/- | ৬৬০/- | ২০০ টি | ১,৩২,০০০/- | মজুদ নাই |
| ৫ | পলিথিন ব্যাগ (সাদা), ২২০/- ও ৪৪/- | ২৬৪/- | ৪০ কেজি | ১০,৫৬০/- | মজুদ নাই |
| ৬ | শ্রমিক এপ্রোন, ৪৫০/- ও ৯০/- | ৫৪০/- | ৫৫০ টি | ২,৯৭,০০০/- | মজুদ নাই |
| ৭ | তেরপাল, ৫২০/- ও ১০৪/- | ৬২৪/- | ৫০ টি | ৩১,২০০/- | মজুদ নাই |
| ৮ | ঘাস কাটার ব্লেড, ২৫০/- ও ৫০/- | ৩০০/- | ৫০ টি | ১৫,০০০/- | মজুদ নাই |
| ৯ | (ব্যানার কাটার) কাটার, ২৮০/- ও ৫৬/- | ৩৩৬/- | ৫০ টি | ১৬,৮০০/- | মজুদ নাই |
| ১০ | পেপার স্কার্ব, ৭৫/- ও ১৫/- | ৯০/- | ২৫ টি | ২২৫০/- | মজুদ নাই |
| ১১ | প্লাষ্টিকের ব্রাশ, ৯৫/- ও ১৯/- | ১১৪/- | ৩০ টি | ৩৪২০/- | মজুদ নাই |
| ১২ | দা, ৫২০/- ও ১০৪/- | ৬২৪/- | ৩০ টি | ১৮,৭২০/- | মজুদ নাই |

জরুরী বিধায় দ্রব্যাদিগুলো DPM পদ্ধতিতে ক্রয় করার বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন।

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | (ঘ) সিলেট সিটি কর্পোরেশনের ওয়ার্ড সমুহে ভ্যান ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনা। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বলেন, বর্তমানে সিলেট সিটি কর্পোরেশন ওয়ার্ড পর্যায়ের ময়লা আবর্জনা সংগ্রহের সাথে প্রত্যক্ষভাবে জড়িত নয়। ফলে জনসাধারণের মধ্যে যেখানে সেখানে ময়লা ফেলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। এজন্য সিলেট সিটি কর্পোরেশনকে সঠিকভাবে ময়লা আবর্জনা সংগ্রহ ও পরিবহনে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। তাছাড়া প্রতিটি ওয়ার্ডে বর্তমানে কতগুলো ভ্যানের মাধ্যমে কতগুলো বাসা হতে ময়লা ও আবর্জনা সংগ্রহ করা হয়, সেবা ফি বাবদ কত টাকা আদায় করা হয় তার কোন সুনির্দিষ্ট তথ্য নেই। তিনি আরও বলেন, সুষ্ঠুভাবে ময়লা আবর্জনা সংগ্রহ এবং পরিবহন করার নিমিত্ত সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংগঠনগুলোর ভ্যানগাড়ীসমূহকে নিবন্ধন প্রক্রিয়ার আওতায় আনা যেতে পারে। তাছাড়া গৃহস্থলী ও বিভিন্ন প্রতিষ্ঠান হতে বর্জ্য সংগ্রহ ও পরিচালনা সম্পর্কিত একটি নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে গৃহস্থলী ও বিভিন্ন প্রতিষ্ঠান হতে বর্জ্য সংগ্রহ ও পরিচালনার নিমিত্ত নীতিমালা আগামী সভায় উপস্থাপনের বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়। | গঠিত কমিটি কর্তৃক গৃহস্থলী ও বিভিন্ন প্রতিষ্ঠান হতে বর্জ্য সংগ্রহ ও পরিচালনার নিমিত্ত নীতিমালা পরবর্তী সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |
| ২.৫ | সিলেট সিটি কর্পোরেশন মার্কেট উপ আইন প্রণয়ন সংক্রান্ত • | প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নম্বর ৪৬.০০.০০০০.০৭০. ১৮. ০১০.২২-১৪২ তারিখ: ১০.০২.২২ খ্রি. এর মাধ্যমে | গঠিত কমিটি মার্কেট উপ-আইন যাচাই বাছাইপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | আলোচনা। | সিলেট সিটি কর্পোরেশন মার্কেট উপ-আইন তৈরি করা হয়েছে কি না, না করা হলে কারণ জানানোর জন্য বলা হয়।<br><br>পরবর্তীতে অত্রাফিসের স্মারক নম্বর ২১১৬ তারিখ: ২৫.০৯.২২ খ্রি. এর মাধ্যমে মার্কেট উপ-আইন এর খসড়া তৈরী করা হয়েছে যা ০৫.০৪.০৬ খ্রি. তারিখে ৫১২ নম্বর স্মারকের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>প্রধান নির্বাহী কর্মকর্তা-কে আহবায়ক করে ১১ সদস্য বিশিষ্ট মার্কেট উপ-আইন প্রণয়ন বিষয়ক কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি মার্কেট উপ-আইন যাচাই বাছাইপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন। | | কর্পোরেশন |
| ২.৬ | বাগবাড়ি পৌর আবাসিক প্রকল্পের এক্সট্রা-৫ প্লট এর চুক্তিপত্র সম্পাদন ও বরাদ্দের কাগজাদি প্রদান সংক্রান্ত আলোচনা। | (ক) প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, তৎকালীন সিলেট পৌরসভা বিগত ১৯৮৭-৮৮ অর্থ বছরে পৌরসভার নিজস্ব মালিকানাধীন বাগবাড়ী মৌজাস্থিত জে এল নম্বর ৯০, জরিপি ছাপা খতিয়ান নম্বর ০৫, সেটেলমেন্ট জরিপি ছাপা নম্বর ৮৯৯ এর অন্তর্গত মোয়াজী ৬.০৫ একর ভূমিতে আবাসিক প্রকল্প গ্রহন পূর্বক বিভিন্ন পরিমাপের ৮৫টি প্লট এবং অতিরিক্ত ৪৮টি প্লট বরাদ্দ প্রদান করা হয়। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ শাখা-৬ এর স্মারক নম্বর এড-১২৮৬/৯৭ তারিখ: ২৮.০৩.১৯৮৮ অনুযায়ী প্রকল্পটি অনুমোদিত হয়।<br><br>ইয়াসমিন বেগম ঝর্না, স্বামী: হামিদুর রহমান, সাং-ছড়ারপার, মাছিমপুর, সিলেট অত্র প্রকল্পে ১০ শতকের একটি প্লট চেয়ে ০৬.০৬.২০০৪ তারিখে মেয়র, সিলেট সিটি কর্পোরেশন বরাবর আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে স্মারক নম্বর ৮১২/৪ তারিখ: ৩১.০৮.২০০৪ খ্রি. মাধ্যমে ইয়াসমিন বেগম ঝর্না বরাবরে এক্সট্রা-০৫ (৬ শতক) প্লট বরাদ্দ প্রদান ও সালামীর টাকা করণ বিষয়ে অবহিত করা হয়।<br><br>ইয়াসমিন বেগম ঝর্না বিগত ২৭.০৮.২০০৬ খ্রি. তারিখে অত্রাফিসে আবেদন মাধ্যমে জনাব সুহাদ রব চৌধুরী, পিতা: এ.আর. চৌধুরী, সাং- দাহাল, চারখাই, বিয়ানীবাজার বরাবরে মালিকানা পরিবর্তন করে সম্পাদনের আবেদন করেন।<br>অত্র কার্যালয়ের স্মারক নম্বর ১৯৩৫ তারিখ: | (ক) নির্ধারিত সময়ের পর জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বা রাজউক প্লট বরাদ্দ সংক্রান্ত চুক্তিপত্র সম্পাদনে গৃহীত পদক্ষেপ পর্যালোচনাপূর্বক সুপারিশ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) বরাদ্দের কাগজাদি মূল বরাদ্দগ্রহীতা ব্যতিত অন্য কোন আবেদনকারীর নিকট প্রদান করা যাবে না। | প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ৩১.০৮.২০০৬ খ্রি. মাধ্যমে এক্সট্রা-০৫ নং প্লটের (৬ শতক) এর সালামী ২,১৬,০০০/- (দুই লক্ষ ষোল হাজার) টাকা ০৮.১১.২০০৬ খ্রি. তারিখে পক্ষে মোঃ সুহাদ রব জমা প্রদান করেন।<br><br>জনাব মোঃ সুহান রব চৌধুরী বরাবরে স্মারক নম্বর সা-১/৮১২/৪/১৯৩৫/৪ তারিখ: ৩১.০৮.২০০৬ খ্রি. তারিখে হস্তান্তর ফি মওকুফ ক্রমে মালিকানা হস্তাস্তবের অনুমতি প্রদান করা হয়।<br><br>তৎসময়ে বরাদ্দ দলিল সম্পাদন করার কথা থাকলেও সম্পাদন করেননি বিধায় জনাব সুহাদ রব চৌধুরী আবেদন মাধ্যমে দলিল সম্পাদনের অনুরোধ করেন।<br><br>(খ) জনাব সোহাদ রব চৌধুরী মালিক হলেও তার ভাই হাম্মাদ রব এর পক্ষে জনৈক আমিরুল হুদা কোরেশী উক্ত প্লটের কাগজাত এর অনুলিপি চেয়ে আবেদন করেন।<br><br>সংশ্লিষ্ট নথির আদেশ মোতাবেক বর্ণিত প্লটের চুক্তিপত্র সম্পাদন ও বরাদ্দের কাগজাদি প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>বিস্তারিত আলোচনার পর নির্ধারিত সময়ের পর চুক্তিপত্র সম্পাদন বিষয়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বা রাজউক প্লট বরাদ্দ সংক্রান্ত চুক্তিপত্র সম্পাদনে কি ধরনের পদক্ষেপ গ্রহন করে তা জেনে পরবর্তী সভায় উপস্থাপন এবং বরাদ্দের কাগজাদি মূল বরাদ্দগ্রহীতা ব্যতিত অন্য কোন আবেদনকারীর নিকট প্রদান না করার বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন। | | |
| ২.৭ | **ছড়া ও খাল খননের নিমিত্ত এমপিবিএস এক্সেভেটর ও স্পাইডার এক্সেভেটর-এর জরুরী রক্ষণাবেক্ষণ বাবদ ব্যয়** | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) জানান, বর্জ্য ব্যবস্থাপনা শাখার তত্বাবধানে এমপিবিএস এক্সেভেটর ও স্পাইডার এক্সেভেটর আগামী ৩(তিন) মাস ব্যাপি ছড়া ও খাল খনন কাজে ব্যবহার হবে। এমপিবিএস এক্সেভেটর ও স্পাইডার এক্সেভেটর-এর জরুরী রক্ষণাবেক্ষণ বাবদ নিম্নোক্ত ছক ব্যয় হবে মর্মে সভাকে অবহিত করেন। | পিপিআর এর বিধিবিধান অনুসরণপূর্বক প্রাক্কলিত ব্যয়ের মধ্যে প্রস্তাবিত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>নির্বাহ</td><td colspan="3">
<table>
<tr><th>ক্রম</th><th>বিবরণ</th><th>পরিমাণ</th><th>একক দর</th><th>মোট টাকা</th></tr>
<tr><td>১</td><td>ইঞ্জিন অয়েল (15w-40)</td><td>৫০ লিটার</td><td>৬৯১/-</td><td>৩৪,৫৫০/-</td></tr>
<tr><td>২</td><td>গ্রীজ</td><td>৬০ কেজি</td><td>৪৬১/-</td><td>২৭,৬৬০/-</td></tr>
<tr><td>৩</td><td>হাইড্রোলিক অয়েল (VG68)</td><td>৪০০ লিটার</td><td>৩০৩/-</td><td>১,২১,২০০/-</td></tr>
<tr><td>৪</td><td>হাইড্রোলিক পাইপ</td><td>১০ পিস</td><td>৭০০০/-</td><td>৭০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>ফিল্টার</td><td>৪ সেট</td><td>১৪,০০০/-</td><td>৫৬,০০০/-</td></tr>
<tr><td>৬</td><td>বুশ</td><td>১৪টি</td><td>২,৯২৯/-</td><td>৪১,০০৬/-</td></tr>
<tr><td>৭</td><td>পিন/শ্যাফট</td><td>৩টি</td><td>১৫,২৪৯/-</td><td>৪৫,৭৪৭/-</td></tr>
<tr><td colspan="5">সর্বমোট=৩,৯৬,১৬৩/-<br>কথায় (তিন লক্ষ ছিয়ানব্বই হাজার একশত তেষট্টি) টাকা</td></tr>
</table>
আসন্ন বর্ষা মৌসুমে জলাবদ্ধতা নিরসনে প্রতি বছরের ন্যায় এ বছরও সিলেট সিটি কর্পোরেশনের খাল/ছড়া খনন কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জরুরী বিবেচনায় প্রাক্কলন অনুযায়ী প্রস্তাবিত কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঐক্যমত পোষণ করেন।
</td></tr>
<tr><td>২.৮</td><td>পবিত্র রমজান উপলক্ষে পর্যাপ্ত পরিমাণ সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে ২ (দুই)টি ওয়াটার ভাউজার তৈরি প্রসঙ্গে</td><td>নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) জানান, সিলেট মহানগর এলাকায় রমজান মাসে সুপেয় পানির চাহিদা মেটাতে যে ওয়াটার ট্যাংক ও ভাউজারগুলো রয়েছে তা পর্যাপ্ত নয়। আসন্ন পবিত্র রমজান উপলক্ষে সিলেট মহনগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে পর্যাপ্ত পরিমাণ সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে ২(দুই)টি ওয়াটার ভাউজার এবং তৈরি ব্যয় বাবদ ৬,৮২,৩৯৮/- (ছয় লক্ষ বিরাশি হাজার তিন আটানব্বই) টাকা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ এ বিষয়ে ঐক্যমত পোষণ করেন।</td><td>(ক) পিপিআর এর বিধি বিধান অনুসরণপূর্বক প্রাক্কলিত ব্যয়ের মধ্যে ২(দুই)টি ওয়াটার ভাউজার তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) দুইটি ওয়াটার ভাউজার তৈরি ব্যয় বাবদ ৬,৮২,৩৯৮/- (ছয় লক্ষ বিরাশি হাজার তিন আটানব্বই) টাকা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>(ক) নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), সিলেট সিটি কর্পোরেশন<br><br>(খ) হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন</td></tr>
<tr><td>২.৯</td><td>করের বকেয়া মওকুফের আবেদনসমূহ বিষয়ে করণীয় সম্পর্কে আলোচনা</td><td>প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, হোল্ডিং ট্যাক্সের বকেয়া মওকুফের জন্য বেশ কিছু আবেদন জমা পড়েছে। The Municipal Corporations Taxation Rules, 1986 এর ১৮ (১) অনুযায়ী হোল্ডিং ট্যাক্সের বকেয়া ১৫% পর্যন্ত মওকুফ করার বিধান রয়েছে। আবেদনের প্রেক্ষিতে বকেয়া কর ১৫% পর্যন্ত মওকুফ করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঐক্যমত পোষণ করেন।</td><td>বিধিমালা অনুসরণপূর্বক আবেদনকারীদের হোল্ডিং ট্যাক্সের বকেয়া করের ১৫% পর্যন্ত মওকুফ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন</td></tr>
</table>

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.১০ | শব-ই-বরাত উপলক্ষে লাইটিং প্রসঙ্গে | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) জানান, প্রতি বছরের ন্যায় এ বছরও পবিত্র শব-ই-বরাত উপলক্ষে সিলেট মহানগরীর কবরস্থানসমূহসহ গুরুত্বপূর্ণ স্থানে লাইটিং করতে হবে। লাইটিং বাবদ ১,৭১,৫৭৪/- (এক লক্ষ একাত্তর হাজার পাঁচশত চুয়াত্তর) টাকা ব্যয় হবে। তিনি জরুরীভিত্তিতে উক্ত ব্যয় নির্বাহের অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর উপস্থিত সদস্যবৃন্দ উক্ত ব্যয় নির্বাহের বিষয়ে ঐক্যমত পোষণ করেন। | (ক) পবিত্র শব-ই-বরাত উপলক্ষে সিলেট মহানগরীর কবরস্থানসমূহসহ গুরুত্বপূর্ণ স্থানে লাইটিং করতে হবে।<br>(খ) লাইটিং ব্যয় বাবদ ১,৭১,৫৭৪/- (এক লক্ষ একাত্তর হাজার পাঁচশত চুয়াত্তর) টাকা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), সিলেট সিটি কর্পোরেশন<br>(খ) হিসাবরক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |
| ২.১১ | MACP প্রজেক্টের ৪১ জন কর্মচারীকে সিলেট সিটি কর্পোরেশনের রাজস্ব ফান্ড হতে বেতন প্রদান প্রসঙ্গে | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা বলেন, ২০২২ সাল থেকে সিলেট সিটি কর্পোরেশনে UNICEF এর অর্থায়নে MACP প্রজেক্ট এর কার্যক্রম চলমান রয়েছে। নগরীর সকল শিশুকে টিকাদান নিশ্চিত করা এবং বিভিন্ন ওয়ার্ডে নগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র পরিচালনার মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করাই এই প্রজেক্টের মূল লক্ষ্য। এই প্রজেক্টের অধীনে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে যথাযথ নিয়োগ প্রক্রিয়া অনুসরণপূর্বক ২৭ জন ভ্যাকসিনেটর, ৪ জন ভ্যাকসিনেটর সুপাভাইজার, ১ জন স্ট্যাটিস্টিশিয়ান/এমআইএস/আইটি পারসন এবং ৯ জন প্যারামেডিকসহ মোট ৪১ জন নিয়োগ করা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে প্রজেক্ট শেষ হওয়ার পর সিটি কর্পোরেশনে উক্ত জনবলকে অর্ন্তভুক্ত করার জন্য অনুরোধ করা হয়। গত ৩০/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিষদের সাধারণ সভায় "UNICEF এর অর্থায়নে পরিচালিত MACP প্রজেক্টের মেয়াদ শেষ হওয়ার পর সিলেট সিটি কর্পোরেশনের নিজস্ব ব্যবস্থাপনায় এর কার্যক্রম চলমান থাকবে এবং এ প্রকল্পে কর্মরত সকল স্বাস্থ্যকর্মীদের বেতন ভাতা কর্পোরেশনের নিয়ম অনুযায়ী প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়"। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সিলেট মহানগরীর নাগরিকবৃন্দের প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করা এবং জনগুরুত্ব বিবেচনায় MACP প্রজেক্টে কর্মরত উল্লিখিত স্বাস্থ্যকর্মীদের দৈনিক | MACP প্রজেক্টে কর্মরত উল্লিখিত ৪১ জন স্বাস্থ্যকর্মীদের দৈনিক হাজিরা ভিত্তিক মজুরী পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | হাজিরা ভিত্তিক মজুরী প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন। | | |

৩। পরিশেষে আর কোন বিশেষ আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

খান মোঃ রেজা-উন-নবী
প্রশাসক
সিলেট সিটি কর্পোরেশন
ও
বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব)
সিলেট বিভাগ, সিলেট

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪.229 তারিখ: 20/02/2025

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব সুবর্ণা সরকার, উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৩. জনাব আহসান উদ্দিন আহমেদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট সার্কেল
৪. ডা: মোহাম্মদ নূরে আলম শামীম, সহকারী পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, সিলেট
৫. জনাব মোঃ নূরুল ইসলাম, উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট
৬. জনাব মোঃ ফারুক হোসেন সিকদার, উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, সিলেট
৭. জনাব মোহাম্মদ নাজমুল আলম, সহকারী বন সংরক্ষক, বন বিভাগ, সিলেট
৮. জনাব মোঃ লিয়াকত আলী গাজী, ব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস টি এন্ড ডি সিস্টেম লি., সিলেট
৯. জনাব মাসউদ রশীদ, JSDO, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
১০. জনাব মোঃ বদরুল হুদা, সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট
১১. জনাব মোঃ শাহাদাত আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট
১২. জনাব মুঃ মাসুদ রানা, অতি: পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ,
১৩. শাখা প্রধান, ........................... (সকল), সিলেট সিটি কর্পোরেশন।

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪.229 তারিখ: 20/02/2025

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, সিলেট (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সংশ্লিষ্ট নথি।

20/02/2025

(মোহাম্মদ রেজাই রাফিন সরকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
ফোন: ২৯৯৬৬-৩৩৩৮১
ই-মেইল: ceo@scc.gov.bd